মেহেরপুরে আদালতের কর্মচারিদের স্মারকলিপি প্রদান

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস বেতন স্কেল এর আলোকে বেতন ভাতা প্রদান সহ তিন দফা দাবি আদায়ের লক্ষ্যে স্মারকলিপি প্রদান করেছে বাংলাদেশ বিচারবিভাগীয় কর্মচারীরা।

বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মুহাম্মদ মুনসুর আলম খান এর মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন বাংলাদেশ বিচারবিভাগীয় কর্মচারী অ্যাসোসিয়েশন মেহেরপুর জেলা শাখার সভাপতি আহসানুল হক ।

এসময় আরও উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক মাসুদ রানা, সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম, উপদেষ্টা পলাশ উদ্দিন প্রমুখ

মেহেরপুরে গণপ্রকৌশল দিবসসহ আইডিইবি’র ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

গণপ্রকৌশল দিবস ও আইডিইবির ৫০ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

বুধবার সকালে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি আব্দুর রহমানের সভাপতিত্বে “নীল অর্থনীতি এনে দেবে সমৃদ্ধি” প্রতিপাদ্য একটি র্যালি বাহির করা হয়।

র্যালীটি মেহেরপুর পৌর কমিউনিটি হল রুমের সামনে থেকে শুরু করে মেহেরপুর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা

সভা অনুষ্ঠিত হয়।

এসময় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী আশরাফ আলী।

অনান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান (বকুল), কোষাধক্ষ্য জাহাঙ্গীর হোসেন, উপদেষ্টা নুরুল ইসলাম সহ আমিনুল ইসলাম সাগর প্রমুখ।

সরকারি জমিতে ভাগ্যিমানের ঘর

আলমডাঙ্গার কুমারী গ্রামে সরকারি জমির ওপর বাড়ি তৈরির অভিযোগ উঠেছে ওই গ্রামের ভাগ্যিমানের বিরুদ্ধে। তিনি আদালতের রায়ের অপেক্ষা না করেই সরকারি জমিতে রীতিমত বাড়ি বানিয়ে ফেলেন। দিনে দিনে বাড়ি বানিয়ে ফেললেও সরকারের কেউ দেখছেন না বলে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন স্থানীয়রা।

জানা গেছে, আলমডাঙ্গার কুমারী গ্রামের ভেটেরিনারীর সামনের সরকারি জায়গায় বাড়ি বানিয়ে প্রায় শেষের পর্যায়ে নিয়ে এসেছেন একই গ্রামের মৃত ইয়াছিন মালিথার ছেলে ভাগ্যিমান মালিথা। আজ বুধবার বাড়ির ছাদ ঢালাইয়ের পরিকল্পনাও রয়েছে বলে জানা গেছে।

এদিকে, জায়গাটি সরকারি নয় দাবি করে ভাগ্যিমান আদালতে ওই জমির একটি দলিলও দাখিল করেছেন বলে জানান। তবে আদালতের সিদ্ধান্তের অপেক্ষ না করেই তিনি ওই জমিতে বাড়ি বানানো শুরু করেন এবং দিনে দিনে বাড়িটি ছাদ পর্যন্ত উঠে যায়। এখন ঢালাইয়ের কাজ বাকি রয়েছে। বুধবার সেই ঢালাইয়ের কাজও সম্পন্ন হবে বলে জানা গেছে।

স্থানীয়রা সরকারি জায়গায় অবাধে বাড়ি বানানো দেখে রীতিমত বিস্ময় প্রকাশ করে স্থানীয়রা বলেছেন, সরকারি জমিতে এতবড় একটি বাড়ি হয়ে গেল কিন্ত দেখার কেউ নেই।

এ ব্যাপারে ভাগ্যিমানের ছেলে শাহিনুর রহমান জানান, আমার দাদা মৃত ইয়াছিন মালিথা মুক্তিযোদ্ধাদের সহযোগী ছিলেন। জায়গাটি আমার দাদা এক হিন্দু মালিকের কাছ থেকে কিনেছিলেন। কিন্ত সরকারের নামে

রেকর্ড হয়ে গিয়েছিল। দলিলও হারিয়ে গিয়েছিল। অনেক খোঁজাখুজির পর আমরা দলিল পেয়েছি। সেই দলিল আদালতে দাখিল করেছি।

কোন হিন্দু মালিকের কাছ থেকে জমি কিনেছিলেন জানতে চাইলে তিনি জমির মালিকের নাম বলতে পারেননি।

আদালতের সিদ্ধান্ত না জেনেই কেন বাড়ি বানিয়ে ফেললেন জানতে চাইলে তিনি বলেন, আমি পরে আপনার সাথে কথা বলব।

চার বিঘা জমিতে বাস ৭০ পরিবারের

বাংলাদেশ জন্ম ইতিহাসের প্রবেশদ্বার মেহেরপুরের মুজিবনগর। এই পবিত্র ভূমিতে নানা ধর্ম-বর্ণ, মত-পথ, সম্প্রদায়ের বসবাস। সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া গ্রাম-এখানেই বসবাস করছে দাস সম্প্রদায়ের ৭০টি পরিবারের ২৬০জন মানুষ। স্থানটি দাসপাড়া হিসেবে পরিচিত। জীবনযাপনের প্রতিটি ক্ষেত্রে তাদের চলতে হয় ভগবানের উপর ভরসা করে।

অনুসন্ধানে যতটুকু জানা যায় প্রায় শতবছর ধরে এখানে দাসদের বসবাস। পাশের জেলা চুয়াডাঙ্গার আলমডাঙ্গা, জগন্নাথপুর, মেহেরপুরের শিবপুর, ভবানন্দপুর, গাড়াডোব থেকে উঠে এসে জীবিকার তাগিদে, এখানে বসতি গড়ে তোলে। প্রথম দিকে ১০/১২টি পরিবার থাকলেও বর্তমানে পরিবার সংখ্যা ৭০টি। দাস সম্প্রদায় তিন ভাগে বিভক্ত যেমনÑ ঋষি সম্পাদয়, রুহি সম্প্রদায় এবং কৈবর্ত সম্প্রদায়। তবে এখানে সবাই ঋষি সম্প্রদায়ের মানুষ।

এদের প্রধান পেশা ক্ষুদ্র বাঁশ-শিল্প। বাঁশের তৈরি সামগ্রীর মধ্যে রয়েছে স্থানীয় ভাষায় ঝুড়ি, টুকা, শরপস বা খাচি, চাটায়, হাস মুরগী রাখার জন্য এক ধরনের টাপা/ঝুড়ি, আম মৌশুমে আম বহন করার জন্য বিশেষ ঝুড়ি সহ নানান সৌখিন সামগ্রী। পুরুষদের পাশাপাশি বাড়ির বউ, লেখাপড়া করা সন্তানেরাও এই কাজে সাহায্য করে থাকে। ৫০ থেকে ৪০০ টাকা দামের ঝুড়ি এখানে তৈরি হয়। কেউ কেউ অতিরিক্ত

জন্যে নিজেদের তৈরি কিছু আইন কানুন বিধি নিষেধ আছে যা এখানে সকলেই মেনে চলে। মাধব চন্দ্র দাস বলেন- আমরা গরীব- ভগবানে’র কাছে আমরা সবসময় প্রার্থনা করি তিনি যেন আমাদের ভালো রাখেন। আমরা নিচু শ্রেণী হলেও ভগবান আমাদের সাথে আছেন। এখন দূর্গাপূজা শুরু হয়েছে দাসপাড়ার মানুষ সকলেই আনন্দের সাথে পূজা উদযাপন করছে। করোনার কারণে সরকারের বিধি নিষেধও মেনে চলতে হচ্ছে।

লক্ষণ দাস বলেন- আমার এক ছেলে এক মেয়ে। একজন ৮ম ও একজন ৬ষ্ঠ শ্রেণীতে পড়ে। আমি বাঁশের কাজের পাশাপাশি ভ্যান চালাই। সবমিলিয়ে ৭-৮ হাজার টাকা মাসে আয় হয়। সংসার চালিয়ে ছেলে মেয়েকে পড়ার খরচ দিয়ে ভগবানের কৃপায় ভালো আছি।

দাসপাড়ার নিকটেই শ্মশানঘাট সেখানেই তাদের মরদেহ মাটি দেয়া হয়। দাস সম্প্রদায় মরদেহ দাহ করে না।
দীর্ঘদিন থেকে দারিদ্রের সঙ্গে সংগ্রাম করে আসা এই সম্প্রদায় অনেকটা হতাশাগ্রস্ত। দেশ সমাজ এমনকি তাদের জন্মের প্রতিও তারা বিতশ্রদ্ধ। দারিদ্র ও নানান প্রতিকুলতার কষাঘাতে এই সম্প্রদায়টি আজ দেশ, গোত্র, ধর্ম ত্যাগ করলেও তাদের প্রতি আজকের আধুনিক সমাজ তথা সমাজপতিরা কতটুকু নিরাপত্তা দিতে পেরেছে- পেরেছে পাশে দাঁড়াতে। তাদের নির্ভরতা সেই ভগবান ছাড়া আর কেউ নাই।

আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম জানান, বামনপাড়ার দাস পল্লিতে বসবাসরত সদস্যরা অন্যান্যদের মত বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধাব ভাতার ব্যবস্থা করা হয়েছে। মন্দীরের পাকাকরণের ভিত ইউনিয়ন পরিষদ থেকে দেওয়া হয়েছে। যেহেতু বাশ শিল্প কুটির শিল্প। ইউএনও মহোদয়ের সাথে কথা বলে তাদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

গাংনীতে ৩ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ৩ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি জাহিদুল ইসলামকে (৩৫) গ্রেফতার করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার উপজেলার

কাজীপুর ইউনিয়নের বেতবাড়িয়া গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। জাহিদুল ইসলাম বেতবাড়িয়া গ্রামের বরকত আলীর ছেলে।
গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, আদালতের গ্রেফতারী পরোয়ানায় পলাতক আসামি জাহিদুল ইসলাম বেতবাড়িয়া গ্রামে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়। সিআর ৭৩২/১১ মামলায় জাহিদুল ইসলামকে ৩ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের সশ্রম কারাদণ্ডের আদেশ প্রদান করে আদালত।

মহাজনপুরে ইউপি নির্বাচন উপলক্ষে র্যালী ও জনসমাবেশে অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু বিশ্বাসের ইউপি নির্বাচন ২০২১ উপলক্ষে র্যালী ও জনসমাবেশে অনুষ্ঠিত হয়েছে। মহাজনপুর গ্রামবাসীর আয়োজনে গত সোমবার বিকালে মহাজনপুর বাজারে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রবীণ আওয়ামীলীগ নেতা ও জেলা আওয়ামী লীগের সদস্য গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু বিশ্বাস।
সমাবেশে বক্তব্য রাখেন মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শরিফুল ইসলাম, ইউপি সদস্য মফিজুল ইসলাম মজনু, কালু, নুরুল ইসলাম, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সামাদ বাঁধন, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলালউদ্দীন, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি হায়দার আলী, মুনছুর আলী, আবুল বাসার, সাধারণ সম্পাদক শেখ সাদিক, মিন্টু, মুজিবুর রহমানসহ আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা।
এর আগে মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে একটি বিশাল র্যালী মহাজনপুর গ্রামের প্রতিটি সড়ক প্রদক্ষিণ করে বাজারে গিয়ে শেষ হয়।

[redacted]

[redacted]

সরকারি কর্মকর্তার পরিবারকে আট লক্ষ টাকার চেক প্রদান

মেহেরপুর টেংরামারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক সহকারী শিক্ষক দৌলত হোসেন চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করায় তার পরিবারকে আট লক্ষ টাকার চেক প্রদান করা হয়।
গতকাল মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক এর কার্যালয়ে মৃত দৌলত হোসেন এর স্ত্রী আম্বিয়া খাতুনকে এই চেক তুলে দেন জেলা প্রসাশক ড. মুনসুর আলম খান।
প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন মৃত্যুবরণ কারীর পরিবার।

মাল্টা বাগানে শত্রুর হানা

জীবননগরে রাতে পূর্বশত্রুতার জের ধরে কে-বা কারা কৃষকের ১বিঘা জমির মাল্টা বাগান কেটে সাবাড় করে দিয়েছে।
গত সোমবার গভীর রাতে জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের কুলতলা দক্ষিণ পাড়ার মৃত আনসার আলী বিশ্বাসের ছেলে কৃষক শ্যামল হক বিশ্বাসের কুলতলা মাঠের ১৪বিঘা মাল্টা বাগানের মধ্যে ১বিঘা জমির মাল্টাসহ গাছ কেটে সাবাড় করে দিয়েছে।
এ ঘটনায় কৃষক দিশেহারা হয়ে পড়েছে। কৃষক শ্যামল বিশ্বাস অভিযোগ করে বলেন, সোমবার রাত ১০টার দিকে আমার বাগানের শ্রমিক বাড়ি চলে যায়।
আর গতকাল সকালে বাগানে এসে দেখি আমার ১বিঘা জমির মাল্টা গাছ কে-বা কারা কেটে দিয়েছে। এ বছর আমার বাগানের প্রতিটি গাছে ব্যাপক হারে ফল ধরেছিল। এতে প্রায় আমার এক লক্ষ টাকার ক্ষতি হয়েছে। আন্দুলবাড়িয়া ইউনিয়ন ব্লক সুপার ভাইজার রাকিব হোসেন বলেন, কুলতলা মাঠে মাল্টা চাষী শ্যামলের জমির প্রায় ১বিঘা জমির মাল্টাগাছ কেটে দিয়েছে এটা আমি শুনেছি। তবে বিষয়টি আমি আমার উদ্ধতর্ন কতৃপক্ষকে জানিয়ে কৃষক শ্যামলকে সার্বিক সহযোগিতা করা হবে।

আন্দুলবাড়িয়া ইউপি সদস্য মাফি বলেন, কৃষক শ্যামল একজন সফল কৃষক সে মাল্টা, কুলসহ সবধরনের চাষাবাদ করে থাকে। তার জমির মাল্টাগাছ কাটার বিষয়টা আসলে খুব দুঃখ জনক। যারা এ ধরনের কাজ করেছে তাদের চিহ্নিত করে আইনগত ব্যবস্থা নেওয়া দরকার।
জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, রাতে মাল্টা বাগান কাটার বিষয়ে থানায় এখনও পর্যন্ত কোন অভিযোগ পাইনি।
তবে অভিযোগ পেলে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এদিকে মাল্টা চাষী শ্যামলের জমির মাল্টা গাছ কাটাই এলাকার চাষীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

চুয়াডাঙ্গায় বিএনপি নেতা শরীফের রোগমুক্তির জন্য দোয়া মাহফিল

মঙ্গলবার বাদ মাগরিব চুয়াডাঙ্গা রজব আলী সুপার মার্কেটে অবস্থিত জেলা বিএনপির কার্যালয়ে জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী শরীফুজ্জামান শরীফ এর রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

উক্ত দোয়া মাহফিল পরিচালনা করেন চুয়াডাঙ্গা ভি জে স্কুল মসজিদের পেশ ইমাম সাহেব।

দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি, আবু বক্কর সিদ্দিক আবু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মাহামুদুর রহমান পল্টু, জেলা সে¦চ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, জেলা বিএনপির নেতা মনিরুজ্জামান লিপটন, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব,

পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, কুদ্দুস মহলদার, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস,

সদর থানা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক তরিকুল আলম জোয়ার্দার বিলু, পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন, জেলা যুবদলের সদস্য নাজমুল হক নাজমুল, আব্দুর রশিদ, বেল্টু,

জেলা সে¦চ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত, শামসুল হক ঝন্টু, প্রচার সম্পাদক মাবুদ সরকার, অর্থ সম্পাদক হাবিবুর রহমান রাজিব, তাঁতি বিষয়ক সম্পাদক মহাসিন আলী, সদর থানা যুবদলের নেতা ইমরান মহলদার রিন্টু, হাফিজুর ইসলাম হ্যাপি, সদস্য রুবেল হাসান, আব্দুল সামাদ, তুহিন ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আমানুল্লাহ আমান, আরিফ আহমেদ শিপল, জেলা ছাত্রদলের নেতা এম এইস মোস্তফা, শাহাবুদ্দিন, সোহেল সিদ্দিকী সোহেল, রফিক, আরিফুল, ছোটন, আকাশ।